

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ

স্মারক নং- ১২.১৮.৪৮১১.০৪১.৪০.০১৯.১৬/ ৪৬৫

তারিখ: ১৪/১১/২০২৩


বিষয় : বরাদ্দকৃত সার উত্তোলন ও বিতরণে করণীয় প্রসংগে ।

সূত্র : উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কিশোরগঞ্জ মহোদয়ের
স্মারক নং- ১২.১৭.৪৮০০.০৪১.১৬.৮১৬.২৩/১১৮৪, তারিখ- ০৯/১১/২০২৩খ্রি:

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি রবি মৌসুমে ভৈরব উপজেলায় সারের চাহিদা থাকায় সারের সংকট দেখা দিতে পারে। সে লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়াদি গুরুত্বের সাথে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল।

১. আপনার নামে বরাদ্দকৃত সার নির্ধারিত সময়ে উত্তোলন ও বিধান অনুযায়ী বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২. ইউনিয়ন পর্যায়ে বিসিআইসি নিয়োগকৃত ডিলারদের বিক্রয় কেন্দ্রে বরাদ্দকৃত সার উত্তোলন পূর্বক বিক্রয় করতে হবে।
৩. বিক্রয় কেন্দ্রে উন্মুক্ত স্থানে লাল সালু কাপড়ে সরকার কর্তৃক নির্ধারিত মূল্য তালিকা প্রদর্শন করতে হবে।
৪. বরাদ্দকৃত সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা অত্র দপ্তরকে অবহিত করতে হবে।
৫. ক্যাশ ম্যামোর মাধ্যমে বিক্রয় এবং স্টক রেজিস্টার সংরক্ষণ করতে হবে।
৬. নিজস্ব গুদামে বিসিআইসি সার ডিলারের নামযুক্ত সাইন বোর্ড টানাতে হবে এবং গুদামের ঠিকানা অত্র দপ্তরকে অবহিত করতে হবে।
৭. কোন রকমের ভেজাল সার বিক্রয় করা যাবে না।
৮. ইউরিয়া, নন ইউরিয়া সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা প্রেরণ করতে হবে।
৯. সরকারী নির্ধারিত মূল্যে সার বিক্রয় করতে হবে। এর ব্যতিক্রম হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

.....
বিসিআইসি সার ডিলার
ভৈরব, কিশোরগঞ্জ


14.11.23
(আকলিমা বেগম)
উপজেলা কৃষি অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ

অনুলিপি জ্ঞাতার্থে:

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কিশোরগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ।
- ৩। অফিস নথি।